

বেঙ্গলে  
অ্যাসোসিয়েশন

দিল্লির পক্ষ থেকে  
সকলের সুস্থতা  
কামনা করি।

“আছে দুঃখ আছে মৃত্যু  
বিরহ দহন লাগে  
তবুও শান্তি, তবু আনন্দ,  
তবু অনন্ত জাগে।”

— রবীন্দ্রনাথ ঠাকুর

Posted on 8<sup>th</sup> & 9<sup>th</sup> July, 2021 from New Delhi PSO  
Date of Publishing 6<sup>th</sup> July, 2021

Total pages 8

RNINO - DELBEN/2001/2869  
POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৪০

## ASSOCIATION SAMBAD

Price Rupee One

July - 2021 Volume 21 No.1

বেঙ্গলে  
অ্যাসোসিয়েশন

[www.bengalassociation.com](http://www.bengalassociation.com)

If undelivered please return to  
Bengal Association, Banga Sanskriti Bhawan,  
18-19, Bhai Veer Singh Marg,  
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808  
E.mail : bengalassociation1819@gmail.com

## সম্পাদকের ডেস্ক থেকে

বিগত কয়েক মাসে ভারতে করোনা মহামারীর প্রকোপ যে হারে বেড়ে গিয়েছিল এই জুলাই মাসে তার প্রাফ অনেকটাই নিচে। দীর্ঘ লকডাউনের পর আবার দিল্লি স্বাভাবিক ছন্দে ফেরার চেষ্টা করছে। কিন্তু করোনার তৃতীয় ঢেউয়ের আশঙ্কায় মানুষ ভীত সন্ত্রস্ত হয়ে আছে। বিশ্বস্বাস্থ্য সংস্থা জানাচ্ছে এই মহামারীর প্রকোপ নাকি শিশুদের উপর আসবে। সেই দিকে আমাদের আরও বেশি সাবধানতা অবলম্বন করা দরকার।

বৈশ্বিক মহামারী কয়েকটি দেশ ছাড়া অনেকটাই প্রকোপমুক্ত। মৃত্যুর হার কমে সুস্থতার হার বেড়েছে। প্রত্যেক মানুষকে টীকাকরণের আওতায় নিয়ে আসার উপর সরকার জোর দিয়েছে তাই অনেক মানুষ এই মারণরোগের থেকে কিছুটা হলেও স্বস্তি পেয়েছে।

মহামারীর ভয়ঙ্করতা, সীমাহীন বেকারত্ব, দেশের আকাশছোঁয়া পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির জন্য সাধারণ মানুষ ক্রমশঃ অসহায় হয়ে পড়েছে। প্রাত্যহিক পণ্যের দাম বেড়ে প্রায় দ্বিগুণ। বেঁচে থাকার জন্য ন্যূনতম রসদ নেই অনেক মানুষের কাছে। যত তাড়াতাড়ি সম্ভব কর্মহীন শ্রমজীবী মানুষের হাতে কর্মসংস্থান তুলে দিতে হবে।

বিগত কয়েকমাসের মধ্যে অনেক মানুষ তাদের প্রিয়জনকে হারিয়েছেন। তাঁদের প্রতি আমাদের সমবেদনা জানাই। যারা এই কোভিড যুদ্ধে জয়ী হয়েছে তাদের অভিনন্দন জানাই।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আমরা এই মহামারীর বিরুদ্ধে নানাভাবে মানুষকে সাহায্য করার চেষ্টা করেছি। গত বছর থেকে আমরা মানুষের মানসিক সুস্থতার জন্য অনলাইন অনুষ্ঠানের আয়োজন করেছিলাম। এই অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার জন্য আপনাদের সকলকে জানাই ধন্যবাদ।

এই মহামারী এত তাড়াতাড়ি পৃথিবী থেকে বিদায় নেবে না। এ সম্পর্কে আমাদের আরও সাবধানতা অবলম্বন করার প্রয়োজন। আমরা ঘরে ও বাইরে

যদি সমানভাবে সাবধানতা অবলম্বন করে সরকার নির্ধারিত নিয়মনীতি ঠিকমতো মেনে চলতে পারি তবেই আমাদের ও আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে ও কিছুটা নিরাপদ জীবন ফিরিয়ে দিতে পারব এই আশা রাখি।

## অ্যাসোসিয়েশন সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশন এই করোনাকালেও নানা ভাবে মানুষের মানসিক সুস্থতার জন্য নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে এসেছে। কিন্তু দেশের বর্তমান পরিস্থিতির জন্য আমরা আমাদের অনুষ্ঠান আপাতত বন্ধ রাখতে বাধ্য হচ্ছি।

নিয়ম অনুযায়ী এই বছর জুনমাসে বার্ষিক সাধারণ সভার আয়োজন করার কথা ছিল। কিন্তু সরকারী নিয়মে এই সভার কাজ এই মুহূর্তে করা সম্ভব নয়। এজন্য আমরা দুঃখিত। আগামী দিনে এই সভার সময় ও তারিখ আপনাদের জানিয়ে দেওয়া হবে।

এই বছর আমরা রবীন্দ্রজয়ন্তী, ভাষাশহীদ দিবস ও অনেক অনুষ্ঠান করতে পারিনি। আশা করি আগামী দিনে এই ধরনের অনুষ্ঠানের আয়োজন করতে সক্ষম হবে।

### শোকসংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের দীর্ঘদিনের শুভানুধ্যায়ী শ্রী অশোক সুভ্রমনিয়ম গত ৫ই জুলাই ২০২১ সকালে প্রয়াত হয়েছেন।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাংস্কৃতিক অনুষ্ঠানের যাবতীয় ফ্লেঞ্চ-এর কাজে তিনি আমাদের সাহায্য করতেন।

বেঙ্গল অ্যাসোসিয়েশন দিল্লির পক্ষ থেকে ওঁর আত্মার শান্তি কামনা করি এবং ওঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাই আন্তরিক সমবেদনা।

## মুক্তধারা পুস্তক বিপণী

করোনা মহামারী আমাদের দৈনিক জীবনচর্চা অনেকটা বদলে দিয়েছে। আমরা সবাই এই একঘেয়ে অস্বাভাবিক পরিস্থিতির শিকার। আমাদের জীবনের নান্দনিক দিকটি কুয়াশায় আবৃত। বন্ধঘরের চারদেয়ালের মধ্যে কাটছে দিন।

এই দুঃসহ সময়ে একঝলক টাটকা বাতাস এনে দিতে পারে বই। দিল্লিতে বাংলা বই-এর একমাত্র প্রতিষ্ঠান গোলমার্কেটের মুক্তধারা পুস্তক বিপণী। যেখান থেকে আপনি পেয়ে যাবেন মনের মত যে কোনো ধরণের বাংলা বই।

এখানে এসে বই কিনতে পারেন অথবা আমাদের [www.bengalassociation.com](http://www.bengalassociation.com) এই অন লাইন ওয়েবসাইটে গিয়ে লিস্ট দেখে বই-এর অর্ডার দিতে পারেন। মাত্র ৩০০/-টাকার ওপরে বই কিনতে হলে আমাদের ২৩৩৪৪৮০৮ এই নম্বরে যোগাযোগ করুন। সামান্য ডেলিভারি চার্জের বিনিময়ে আমরা আপনার ঠিকানায় বই পৌঁছে দেবার ব্যবস্থা করব।

ফোন করুন অথবা চলে আসুন সকাল ১১টা থেকে ৬টার মধ্যে। ঠিকানা : ১৮-১৯ ভাই বীরসিং মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লি - ১১০০০১। আমাদের বই-এর দোকান শুধুমাত্র রবিবার বন্ধ থাকে।

রাজধানী দিল্লিতে বাংলা বইয়ের  
একমাত্র নির্ভরযোগ্য প্রাপ্তিস্থান —  
**‘মুক্তধারা পুস্তক বিপনী’**



ঠিকানা : মুক্তধারা  
১৮- ১৯, ভাই বীর সিং মার্গ, গোল মার্কেট,  
নিউ দিল্লি-১১০০০১